

উপভোক্তা সুরক্ষা

সদ্য প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা মানুষদের জন্য ছোটখাট পরামর্শ

ছাত্র ঋণের বিষয়ে

দ্রুত ছোটখাট

পরামর্শ

ছাত্র ঋণ পেতে আপনি কোনো কাগজে সই করার আগে, এখানে কিছু ছোটখাট পরামর্শ দেওয়া হল যা আপনার মাথায় রাখা উচিত।

- ফেডার্যাল ছাত্র সহায়তার বিনামূল্যের দরখাস্ত (Free Application for Federal Student Aid (FAFSA)) সম্পূর্ণ করুন। একটি FAFSA সম্পূর্ণ করলে তা আপনি কোন ফেডার্যাল সহায়তা প্রোগ্রামের জন্য বিবেচিত হবেন তা নির্ধারণ করতে সহায়তা করে। কিছু প্রোগ্রাম, যেমন ধরুন অনুমোদন, কলেজে পড়াশোনার খরচ জোগায় যা আপনাকে মেটানোর প্রয়োজন হয় না। ফেডার্যাল ভাবে গ্যারান্টি দেওয়া ঋণ হল সুদের হারে পাওয়া ঋণ যা আপনাকে অবশ্যই মিটিয়ে দিতে হবে। ব্যক্তিগত ঋণদাতাদের কাছ থেকে ঋণ নেওয়ার আগে সবসময়ে ফেডার্যাল সহায়তা প্রোগ্রামের কথা বিবেচনা করুন।
- সবদিক থেকে খরবাত্বের নিন এবং ঋণের বৈশিষ্ট্যগুলির তুলনামূলক বিচার করুন। ব্যক্তিগত ঋণদাতাদের কাছ থেকেই আপনাকে ঋণ নিতে হলে, চুক্তিগুলির তুলনা করে দেখুন যে কোনটি আপনার চাহিদা সবথেকে ভালো ভাবে পূরণ করতে পারছে।
- ঋণের পরিমাণ যে আপনার কাছে কোনো অসুবিধা হয়ে উঠবে না তা দেখে নিন। অনেক ক্ষেত্রে, আপনাকে আপনার শিক্ষার জন্য যত অর্থ দিতে হবে তার থেকে অনেক বেশি অর্থ ঋণদাতারা আপনাকে

নেওয়ার প্রস্তাব জানায়। আপনার কত পরিমাণ ঋণ প্রয়োজন এবং স্নাতক হওয়ার পরে আপনি কত অর্থ মিটিয়ে দিতে পারবেন তা বুঝে নিতে একটি বাজেট তৈরি করুন। খুব বেশি ঋণ করলে দীর্ঘমেয়াদী ভিত্তিতে তত বেশি সুদ পরিশোধ করতে হবে।

- অন্য কোনো রাস্তা খোলা না থাকলে ব্যক্তিগত ঋণ করতে একজন সহ-স্বাক্ষরকারী রাখুন। আপনি আপনার ফেডার্যাল ঋণের বিকল্প ভালো ভাবে ঘুরে দেখেও নিজের জন্য কোনো সুবিধাজনক ঋণ পাওয়ার মাপকাঠিতে উত্তীর্ণ না হলে, আপনি কোনো সহ-স্বাক্ষরকারীর কথা ভাবতে পারেন, যেমন অভিভাবক বা নিকট আত্মীয়, যার ব্যক্তিগত ঋণ পাওয়ার দিক থেকে ভালো ক্রেডিট ইতিহাস রয়েছে, তবে তারা যে ঋণ মেটানোর বিষয়ে নিজেদের দায়িত্ব পালন করবেন সেই বিষয়টি বিবেচনা করুন।

গুরুত্বপূর্ণ

আপনি ঋণ মেটাতে না পারলে তা মেটানোর দায়িত্ব আপনার সহ-স্বাক্ষরকারীকে নিতে হবে। আপনাদের উভয়েরই ক্রেডিট ইতিহাস প্রভাবিত হবে।

- আপনার পরিচিত নয় এমন সংস্থাগুলির কাছ থেকে “ফ্রি মানি” নেওয়ার বিষয়টি এড়িয়ে চলুন। অনেক জালিয়াতেরা ক্রেডিট কম রয়েছে বা কোনো ক্রেডিট নেই এমন ছাত্র এবং অভিভাবকদের কোনো ক্রেডিট যাচাই ছাড়াই ঋণের অর্থ পাইয়ে দেওয়ার প্রস্তাব জানায়।

সতর্ক থাকবেন...

কলেজ স্কলারশিপ এবং আর্থিক সহায়তা বিষয়ক জালিয়াতি

ftc.gov এ গিয়ে ফেডার্যাল ট্রেড কমিশন (Federal Trade Commission (FTC)) থেকে সাধারণ ভাবে ঘটা জালিয়াতি থেকে কীভাবে নিজেকে দূরে রাখতে পারবেন সেই বিষয়ে ছোটখাট পরামর্শ পান।

বিনামূল্যে সহায়তা

NYC আর্থিক সহায়তা কেন্দ্রে (NYC Financial Empowerment Center) বিনামূল্যে বিশেষজ্ঞের কাছ থেকে আর্থিক বিষয়ক পরামর্শ নিন। পরামর্শদাতা আপনাকে আপনার ঋণের পরিমাণ কম করতে, আপনার ঋণের পরিমাণ কমাতে, আপনার ঋণদাতার সঙ্গে দরদাম করতে, আপনার ক্রেডিট রিপোর্ট বুঝতে, আপনার ক্রেডিট স্কোর বাড়াতে এবং আরো অনেক বিষয়ে সহায়তা করবেন। আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোথাও সাফাংকারের ব্যবস্থা করতে 311 এ কল করুন বা আরো জানতে nyc.gov/consumers দেখুন।

আপনার ক্রেডিট রিপোর্টের একটি অনুলিপি বিনামূল্যে নিন এবং তা সম্বন্ধে পর্যালোচনা করুন। annualcreditreport.com এ যান বা নিঃশব্দে 1-877-322-8228 এ কল করুন।

অন্যান্য রিসোর্সগুলি

উপভোক্তার আর্থিক সুরক্ষা সংস্থার (Consumer Financial Protection Bureau (CFPB)) এমন সমস্ত সরঞ্জাম এবং রিসোর্স আছে যার সাহায্য নিয়ে আপনি কলেজের খরচ মেটানোর বিষয়ে নিজে বুঝে নিজে আর্থিক সিদ্ধান্ত নিতে পারবেন। consumerfinance.gov দেখুন।

ফেডার্যাল ছাত্র সহায়তা, যা হল ইউ.এস শিক্ষা দপ্তরের একটি শাখা এবং দেশের ছাত্রদের আর্থিক সহায়তা দেওয়ার দিক থেকে সবথেকে বড় মাপের। FAFSA বিষয়ে জানতে studentaid.ed.gov/sa দেখুন।

DCA এর ছোটখাট পরামর্শ "কোনো স্কুল বা প্রশিক্ষণের প্রোগ্রামে নাম লেখানোর আগে আপনার জন্য দ্রুত কিছু ছোটখাট পরামর্শ" পড়ে নিন।

সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষদের জন্য উপভোক্তা সুরক্ষার বিষয়ে ছোটখাট পরামর্শের বিষয়ে সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষজন প্রতিদিনই উপভোক্তা বিষয়ক চ্যালেঞ্জের সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক দপ্তর (DCA) বেশ কিছু তথ্যপত্র বানিয়েছে যা থেকে সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষেরা তাদের অধিকারের বিষয়ে শিক্ষিত হতে পারবেন এবং আজকে খরচ করার বিষয়ে সে সিদ্ধান্ত নিচ্ছেন তা কীভাবে তাদের আগামীদিনকে প্রভাবিত করবে সেই বিষয়ে শিক্ষিত হতে পারবেন।



Bill de Blasio
Mayor

Consumer
Affairs

Lorelei Salas
Commissioner

Department of
Education

Carmen Fariña
Chancellor